

উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়
ঢাকা বিশ্ববিদ্যালয়



বিজ্ঞপ্তি

স্মারক নং: উবি-০৬/২০০৭-১৬০৭৯

তারিখঃ

৩১ ডিসেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

১৭ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ

২০২১ শিক্ষাবর্ষের ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণির (বাংলা ভাষন) এবং ১০ম শ্রেণির সকল শিক্ষার্থী, সম্মানিত অভিভাবক, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণকে জানানো যাচ্ছে যে,

১। ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণির বাংলা ভাষনের কেবলমাত্র সম্মানিত অভিভাবকগণ স্বাস্থ্যবিধি মেনে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যবই ও বেতন বই গ্রহণ করবেন। শিক্ষার্থীর পরিচয় নিশ্চিত করার জন্য ২০২০ শিক্ষাবর্ষের পরিশোধিত বেতন বই অবশ্যই সাথে আনতে হবে। নতুন শ্রেণিতে অনলাইন শ্রেণিকার্যক্রম আগামী ১৭/০১/২০২১ খ্রিস্টাব্দ রবিবার হতে শুরু হবে। সংশ্লিষ্ট সকল অভিভাবককে তাদের সন্তানদের ভর্তি প্রক্রিয়া নতুন বেতন বই প্রাপ্তি সাপেক্ষে (সেশন ফি বাংলা ভাষনের জন্য ৫,০০০/- পরিশোধ করে) আগামী ১৪/০১/২০২১ খ্রিস্টাব্দ বৃহস্পতিবারের মধ্যে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। এখানে উল্লেখ্য যে, পাঠ্যবই ও বেতন বই বিতরণ নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে:

ক্রমিক	তারিখ ও বার	শ্রেণি	সময়
১	০৪-০১-২০২১ সোমবার	৬ষ্ঠ (বাংলা ভাষন)	সকাল ৯:০০-দুপুর ১২:০০ টা
		৭ম (বাংলা ভাষন)	দুপুর ১:০০ - বিকাল ৪:০০ টা
২	০৫-০১-২০২১ মঙ্গলবার	৮ম (বাংলা ভাষন)	সকাল ৯:০০-দুপুর ১২:০০ টা

২। ২০২১ সালের ১০ম শ্রেণির সম্মানিত অভিভাবকগণ ০৫-০১-২০২১ মঙ্গলবার দুপুর ১:০০ - বিকাল ৩:০০ টা পর্যন্ত ২০২০ শিক্ষাবর্ষের পরিশোধিত বেতন বই জমা দিয়ে ২০২১ শিক্ষাবর্ষের বেতন বই গ্রহণ করবেন।

৩। ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণির (ইং ভাষন) ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যবই ও বেতন বই বিতরণের তারিখ ও সময় পরবর্তী বিজ্ঞপ্তির মাধ্যমে অতি শীঘ্রই জানানো হবে।

৪। ২০২১ শিক্ষাবর্ষের ৯ম শ্রেণির শিক্ষার্থীদেরকে বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা বিভাগে বিভাজনের পর পাঠ্যবই ও বেতন বই বিতরণ এবং অনলাইন শ্রেণিকার্যক্রমের সময়সূচি বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

স্বাক্ষরিত/
জহুরা বেগম
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

স্মারক নং: উবি-০৬/২০০৭-১৬০৭৯

তারিখঃ

৩১ ডিসেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

১৭ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো:

- সম্মানিত সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী
- সম্মানিত সমন্বয়কারীবৃন্দ ১। ২। ৩। ৪। ৫।
- সহকারি হিসাবরক্ষণ কর্মকর্তা
- ওয়েব সাইট (www.udayan.edu.bd)
- নোটিশ বোর্ড